

অ্যান্ড্রয়ড ফোনের সেরা ৫ অ্যাপ

আনোয়ার হোসেন



এখন সবার হাতে হাতেই অ্যান্ড্রয়ড ফোন বা ট্যাব। আর এসব ফোনে বা ডিভাইসে নতুন অ্যাপ ডাউনলোড একটি গুরুত্বপূর্ণ বিষয়। গুরুত্বপূর্ণ এজন্য যে, দরকারি সব অ্যাপ একজন ব্যবহারকারীকে দেবে বহুবিধ সুবিধা, যা জীবনকে করবে আরও উপভোগ্য। কিন্তু গুগল পে স্টোরে প্রতিনিয়ত যে হারে নতুন নতুন অ্যাপ আপলোড হচ্ছে, তাতে সেখান থেকে দরকারি সবচেয়ে

ভালো অ্যাপ বেছে নেয়া কঠিন থেকে কঠিনতর হয়ে যাচ্ছে। এ সমস্যা থেকে মুক্তির জন্য এ সময়ের সেরা কিছু অ্যাপ তুলে ধরা হয়েছে।

পকেট



অনেক সময় এমন হয়, আপনি অনলাইনে ব্রাউজ করতে করতে দারুণ কোনো আর্টিকল পেয়ে গেলেন বা পেয়ে গেলেন মজার

কোনো ভিডিও। কিন্তু সে মুহূর্তে হয়তো আপনার পক্ষে বড় আর্টিকলটি পড়া বা ভিডিওটি দেখা সম্ভব নয়। এ অবস্থায় দরকারি সেসব লেখা বা ভিডিওকে বুকমার্ক করে পরবর্তী সময়ে সেগুলো দেখা বা পড়া যেতে পারে। আপনার পছন্দের কোনো আর্টিকল বা ভিডিও পরবর্তী কোনো সময় পড়া বা দেখার জন্য অপেক্ষার তালিকায় রেখে দিতে পারেন। পকেট (Pocket) অ্যাপটি অন্যান্য বুকমার্ক অ্যাপের তুলনায় ভালো। বুকমার্ক করা বা দরকারি সব লিঙ্ক ব্যবস্থাপনায় পকেটের জুড়ি নেই। অ্যাপটির আগের নাম ছিল রিড ইট লেটার। ভিন্ন ভিন্ন ডিভাইসে এই অ্যাপ সিমলসভাবে ব্যবহার করা যায়। পকেট অ্যাকাউন্টে সাইনআপ করার পর এতে বিভিন্ন আইটেম সেভ করা খুবই সহজ। যখন কোনো ব্রাউজারে কোনো আর্টিকল পড়ছেন বা কোনো ইউটিউব অ্যাপে ভিডিও দেখছেন, তখন মেনু থেকে অ্যান্ড্রয়ডের শেয়ার ফাংশন চেপেই পকেটে সে পেজটি সেভ করতে পারেন। রেটিং ৪.৫।

সুইফটকি

নতুন ভার্সনের সুইফটকি (SwiftKey) অসাধারণ সব ফিচারে ভরপুর। যেমন— একাধিক ভাষা, আর্ট পূর্বাভাস ইঞ্জিন, সুইফটকি ফ্লো, ক্লাউডে ডাটা সুসংহত করার সুবিধার অপশনসহ আরও কিছু।



এই অ্যাপটি অবশ্য ফ্রি নয়। যখন কোনো ভার্সিয়াল কিবোর্ডের জন্য আপনাকে ৩.৯৯ ডলার খরচ করতে হয়, তখন এর বিনিময়ে আপনার ব্যয় করা অর্থের চেয়ে বেশি কিছু আশা করতেই পারেন। রেটিং ৪.৫।

সেভেন মিনিট

এটি ফিটনেস ও লাইফস্টাইল নিয়ে অ্যান্ড্রয়ডের সেরা অ্যাপগুলোর একটি। যদি আপনার শরীরের অতিরিক্ত মেদ ঝাড়তে চান বা নিজের শক্তির মাত্রা বাড়তে চান, তবে সেভেন মিনিট (7



Minute) আপনার জন্য আদর্শ একটি অ্যাপ। সেভেন মিনিট এমন একটি সংক্ষিপ্ত কিন্তু কঠোর রুটিনের ওপর আলোকপাত করে, যা ওজন কমাতে বৈজ্ঞানিকভাবে প্রমাণিত এবং একই সাথে কার্ডিওভাস্কুলার কার্যক্রমেও উন্নতি নিয়ে আসে। অন্য সব অ্যান্ড্রয়ড অ্যাপ আপনার উচ্চতা, ওজন কত জানতে চাইবে বা আপনার সর্বোপরি অগ্রগতি কেমন তা চিহ্নিত করবে। সেভেন মিনিট কিন্তু এসবের কোনোটাই করবে না। এর ফিচারগুলো সাধারণ। শুধু বাটনে ক্লিক করে এর অনুশীলনগুলো করে আপনি শরীরের ফিটনেস বাড়াতে পারবেন। রেটিং ৪.৫।

মোবাইল সিকিউরিটি অ্যান্ড অ্যান্টিভাইরাস

সিস্টেমের নিরাপত্তার জন্য অ্যান্ড্রয়ড সিকিউরিটি হচ্ছে একটি বিতর্কিত ও ঝামেলাপূর্ণ বিষয়। আপনার প্রিয়



অ্যান্ড্রয়ড ফোনটি ভাইরাস আক্রান্ত হতে পারে যেকোনো সময়। সেটা হলে আপনি হারাতে পারেন দরকারি সব তথ্য, ছবি বা ভিডিও। এর সমাধান দিতে পারে ভালো মানের একটি অ্যান্টিভাইরাস অ্যাপ। এভাস্টের মোবাইল সিকিউরিটি অ্যান্ড



অ্যান্টিভাইরাস (Mobile Security & Antivirus) হতে পারে এ সংক্রান্ত চমৎকার একটি অ্যাপ। অ্যাপটির চমৎকার ভাইরাস চিহ্নিতকরণ সফটওয়্যারের সাহায্যে সব ধরনের ম্যালওয়্যার হুমকি থেকে আপনাকে

রাখবে নিরাপদ। অ্যাপটি আপনার মোবাইলের ব্রাউজার হিস্ট্রি, মাইক্রো এসডি কার্ড, এমনকি ইন্টারনেট স্পেস ও সার্চ করে থাকে। অ্যান্টিভাইরাসের পাশাপাশি এটি আপনাকে দেবে নিরাপত্তার আরও কিছু সুবিধা। এর চুরি প্রতিরোধক বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে লোকেশন চিহ্নিত করা এবং দূর থেকে তথ্য মুছে ফেলা। এ ডিভাইসটি আপনার হাতে না থাকলেও এটি কাজ করবে। রেটিং ৪.৫।

ক্রম বেটা

গুগলের পণ্য হিসেবে ক্রম বেটা (Chrome Beta) হচ্ছে যথার্থ অ্যান্ড্রয়ড ব্রাউজার। অনেক ফোনে অবশ্য আগে থেকেই এটি ইনস্টল করা থাকে। এর সাথে মোটামুটি সবাই কম-বেশি পরিচিত। গুগল তাদের ডেফকটপ ভার্সনের জন্য আনা যেকোনো পরিবর্তন, পরিবর্তন বা উন্নয়ন পরীক্ষা-নিরীক্ষা করে থাকে এই অ্যাপের মাধ্যমে। অর্থাৎ এই অ্যাপটি ব্যবহার করলে গুগল ক্রম ডেফকটপ ভার্সনে আসা যেকোনো পরিবর্তন বা সুবিধা সাধারণ জনগণ আগেই পেয়ে থাকবেন। রেটিং ৪.৩।



দরকারি অ্যাপটি ডাউনলোড করে আপনার স্মার্টফোনটির সাথে সাথে আপনিও হয়ে উঠতে পারেন আর্ট। পরের পর্বের আমরা জানব সময়ের সেরা দরকারি সব অ্যাপ সম্পর্কে